ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৬৭৪

আগরতলা, ৩০ অক্টোবর, ২০২৪

**সাংবাদিক সম্মেলনে খাদ্য ও পর্যটন মন্ত্রী**

# সরকারি কর্মচারিরা আগামী নভেম্বর মাস থেকে আরও ৫ শতাংশ হারে মহার্ঘভাতা পাবেন

সরকারি কর্মচারিরা আগামী নভেম্বর মাস থেকে আরও ৫ শতাংশ হারে মহার্ঘভাতা পাবেন। আজ মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে এদিন খাদ্য ও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী রাজ্য সরকারের এই সিদ্ধান্তের কথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, আগামী ১লা নভেম্বর, ২০২৪ থেকে রাজ্য সরকারের সমস্ত কর্মচারি, পেনশনভোগী ও ডি আর ডব্লিউ কর্মীরা এই মহার্ঘভাতার সুবিধা পাবেন। এর ফলে রাজ্য সরকারের কোষাগার থেকে বছরে প্রায় ৫০০ কোটি টাকা ব্যয় হবে। তিনি জানান, আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে রাজ্য মন্ত্রিসভার এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কর্মচারিদের ৫ শতাংশ হারে মহার্ঘভাতা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। এর ফলে রাজ্য সরকারের কর্মচারিরা বর্তমানে ৩০ শতাংশ হারে মহার্ঘভাতা পাবেন। শ্রী চৌধুরী বলেন, বর্তমান রাজ্য সরকার কর্মচারিদের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সবসময় সংবেদনশীল। কিভাবে কেন্দ্রীয় সরকারের প্রদত্ত মহার্ঘ্য ভাতার সঙ্গে রাজ্য কর্মচারিদের মহার্ঘভাতার ফারাক কমিয়ে আনা যায় সেবিষয়ে সরকারের নজর রয়েছে।

সাংবাদিক সম্মেলনে মন্ত্রী শ্রীচৌধুরী জানান, রাজ্যের গর্ব টিএসআর বাহিনীর সার্বিক উন্নতিকল্পে রাজ্য সরকারের বিস্তৃত পরিকল্পনা রয়েছে। টিএসআর জওয়ানদের রেশন মানি ১,০০০ টাকা থেকে বাড়িয়ে ২,০০০ টাকা করা হবে। সব র‍্যাঙ্কের জওয়ানদের জন্য পোশাক ভাতা ১০ হাজার টাকা থেকে বাড়িয়ে ১২ হাজার টাকা করা হবে। প্রত্যেক টিএসআর ব্যাটেলিয়নে জিমনাসিয়াম স্থাপনের জন্য ৫ লক্ষ টাকা করে প্রদান করা হবে। টিএসআর ব্যাটেলিয়ানে সেবা প্রদানে ইচ্ছুক মেডিক্যাল অফিসারের সাম্মানিক বর্ধিত করে মাসিক ৬০ হাজার টাকা করা হবে। তিনি আরও জানান, অ্যাডহক ভিত্তিতে ২৪০ জন টিএসআর জওয়ানের পদোন্নতির ব্যবস্থা করা হবে। টিএসআর পোস্ট এবং ব্যারাকের মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য ৫ কোটি টাকা অর্থ বরাদ্দ করা হবে।

*****